বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
**প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা।**

১৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)
**কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ১৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় বিজিডিসিএল এর বোর্ড রুমে নৈতিকতা কমিটির ০১ (এক) টি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-ক -এ সন্নিবেশিত। সভার প্রারম্ভে নৈতিকতা কমিটির সভাপতি, জনাব নারায়ন চন্দ্র পাল, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিজিডিসিএল এর ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে আলোচনা বিস্তারিত আলোচনা করা হয় এবং কর্মক্ষেত্রসমূহের লক্ষ্যমাত্রা নিম্নরূপে নির্ধারণের বিষয়ে কমিটি একমত পোষণ করেঃ

**১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ**

১.১। প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে ০১(এক)টি করে ০৪ (চার) কোয়ার্টারের জন্য ০৪ (চার)টি লক্ষ্যমাত্রা নির্ধারণ।

১.২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের জন্য প্রতি কোয়ার্টারে ২৫% করে ০৪ (চার)টি লক্ষ্যমাত্রা নির্ধারণ ।

**২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়নঃ**

২.১। সভায় ২০২০-২১ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত কোম্পানীর প্রধান কার্যালয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ২য় ও ৩য় কোয়ার্টারে ০১ (এক) টি করে ০২ (দুই)টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

২.২। কোম্পানীর প্রধান কার্যালয়ে অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে ৩য় ও ৪র্থ কোয়াটারে ৫০% করে ০২ (দুই)টি লক্ষ্যমাত্রা নির্ধারণ।

২.৩। কোম্পানীর কাজ-কর্মে গতিশীলতা, দক্ষতা ও সচ্ছতা আনয়নের লক্ষ্যে "শুদ্ধাচার কৌশল" বাস্তবায়নে ২০২০-২১ সালের জন্য প্রতি কোয়ার্টারে ১৫ (পনের) জন করে ০৪ (চার) কোয়ার্টারে ৬০ (ষাট) জন কর্মকর্তা/কর্মচারীকে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

২.৪। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২১ সালে প্রতি কোয়ার্টারে ২০ (বিশ) জন করে ২য় ও ৪র্থ কোয়াটারে মোট ৪০(চল্লিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে সু-শাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর প্রয়োগ ও বাস্তবায়নঃ**

৩.১। কোম্পানীর সময়োপযোগী সাংগঠনিক কাঠামো প্রনয়নের লক্ষ্যমাত্রা ৩০-০৬-২০২১ তারিখ নির্ধারণ ।

৩.২। কোম্পানীর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পুণঃঅর্পন নীতিমালা সংশোধন/হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা ৩০-০৬-২০২১ তারিখ নির্ধারণ।

**৪. কোম্পানীর ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণঃ**

৪.১। সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩০-০৯-২০২০, ৩১-১২-২০২০, ৩১-০৩-২০২১ ও ৩০-০৬-২০২১ নির্ধারণ।

৪.২। স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩০-০৯-২০২০, ৩১-১২-২০২০, ৩১-০৩-২০২১ ও ৩০-০৬-২০২১ নির্ধারণ।

৪.৩। স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩০-০৯-২০২০, ৩১-১২-২০২০, ৩১-০৩-২০২১ ও ৩০-০৬-২০২১ নির্ধারণ।

৪.৪। স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩০-০৯-২০২০, ৩১-১২-২০২০, ৩১-০৩-২০২১ ও ৩০-০৬-২০২১ নির্ধারণ।

(অবিরত পাতা – ০২)

**৫. সুশাসন প্রতিষ্ঠাঃ**

৫.১। শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণের লক্ষ্যমাত্রা ৩১-১২-২০২০ তারিখ নির্ধারণ।

৫.২। অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের প্রতি কোয়ার্টারে ২৫% করে ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**৬(ক). সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৬(ক).১। সেবা প্রদান সংক্রান্তে রেজিস্টারে সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে যথাক্রমে ৩১-১২-২০২০, ৩১-০৩-২০২১ ও ৩০-০৬-২০২১ তারিখ নির্ধারণ।

৬(ক).২। কোম্পানী কর্তৃক প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যমাত্রা ৩১-১২-২০২০ তারিখ নির্ধারণ।

৬(ক).৩। কোম্পানীর প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনায় সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/অপেক্ষাকক্ষ/বসার স্থান নির্মাণ/প্রস্তুতকরণের লক্ষ্যমাত্রা ৩০-০৬-২০২১ তারিখ নির্ধারণ।

**৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচারঃ**

৭.১। পিপিএ-২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর-২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০২০-২১ ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যমাত্রা ৩০-০৯-২০২০ তারিখ নির্ধারণ।

৭.২। ই-টেন্ডার এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন এর লক্ষ্যমাত্র প্রতি কোয়াটারে ২৫% করে নির্ধারণ।

**৮. সচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণঃ**

৮.১। স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে লক্ষ্যমাত্রা প্রতি কোয়ার্টারে ২৫% করে নির্ধারণ।

৮.২। কোম্পানীর শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস ১ম কোয়ার্টারে ০৩ (তিন)টি এবং ৩য় কোয়ার্টারে ০৫ (পাঁচ)টি অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়ঃ**

৯.১। বিদ্যুৎ, পানি ও জ্বালানীর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা প্রতি কোয়ার্টারে ২৫% করে নির্ধারণ।

৯.২। বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে লক্ষ্যমাত্রা প্রতি কোয়ার্টারে ২৫% করে নির্ধারণ।

৯.৩। নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ তৈরি করার লক্ষ্যমাত্রা ৫০০ (পাঁচশত) টি নির্ধারণ।

৯.৪। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার লক্ষ্যে ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে ২০ (বিশ) জন করে মোট ৬০ (ষাট) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**১১.অর্থ বরাদ্দঃ**

১১.১। শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা ব্যায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**১২. পরিবীক্ষণ ও মূল্যায়নঃ**

১২.২। ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৫-১০-২০২০, ১৫-০১-২০২১, ১৫-০৪-২০২১ ও ১৫-০৭-২০২১ তারিখ নির্ধারণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নারায়ন চন্দ্র পাল)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি।